বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
**Bangladesh Open University**
বোর্ড বাজার, গাজীপুর-১৭০৫

তারিখ: ২২.১২.২০২২

# নৈতিকতা কমিটির ৬ষ্ঠ সভার কার্যবিবরণী

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের নৈতিকতা কমিটি'র ৬ষ্ঠ সভা কমিটির সভাপতি ও মাননীয় উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার-এর সভাপতিত্বে গত ০৬.১২.২০২২ তারিখ মঙ্গলবার সকাল ১০.০০টায় উপাচার্য মহোদয়ের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় নিম্নোক্ত সম্মানিত সদস্যগণ উপস্থিত ছিলেন:

( জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

- প্রফেসর ড. মাহবুবা নাসরীন, প্রো-উপাচার্য (শিক্ষা) ও সদস্য, নৈতিকতা কমিটি, বাউবি ।
- প্রফেসর মোস্তফা আজাদ কামাল, ট্রেজারার ও সদস্য, নৈতিকতা কমিটি, বাউবি।
- ড. মহাঃ শফিকুল আলম, রেজিস্ট্রার ও সদস্য-সচিব, নৈতিকতা কমিটি, বাউবি।
- প্রফেসর সুফিয়া বেগম, ডিন, স্কুল অব এডুকেশন ও সদস্য, নৈতিকতা কমিটি, বাউবি ।
- প্রফেসর ড. মোঃ জাহাঙ্গীর আলম, ডিন, এসএসএইচএল ও সদস্য, নৈতিকতা কমিটি, বাউবি।
- জনাব মো: মামুন হাসান (পরিচালক, প্রশাসন) ও পরিচালক, অর্থ ও হিসাব বিভাগ (অতিরিক্ত দায়িত্ব) ও সদস্য, নৈতিকতা কমিটি, বাউবি।
- ড. এ.এইচ.এম আনিসুর রহমান আখন্দ, পরিচালক, এসএসএস ও সদস্য, নৈতিকতা কমিটি, বাউবি।
- এম এস নাজনীন আখতার, যুগ্ম-পরিচালক (কাউন্সিল) ও সদস্য সচিব, এপিএ টিম ও জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি,বাউবি। (আমন্ত্রণক্রমে)
- এম এস নার্গিস আখতার, যুগ্ম-পরিচালক (অর্থ ও হিসাব বিভাগ)ও সদস্য সচিব, ইনোভেশন টিম,বাউবি। (আমন্ত্রণক্রমে)
- জনাব মো: জাহাঙ্গীর আলম, উপ-পরিচালক (কাউন্সিল) ও সদস্য সচিব, অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়নে সহায়তা করার জন্য গঠিত কমিটি, বাউবি। (আমন্ত্রণক্রমে)
- জনাব মো: আব্দুল হাই (বাবু), সহকারী পরিচালক, তথ্য ও গণসংযোগ বিভাগ ও সদস্য সচিব, তথ্য অধিকার বাস্তবায়ন কমিটি। (আমন্ত্রণক্রমে)

উপাচার্য মহোদয় উপস্থিত সম্মানিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচি অনুযায়ী সভা শুরু করার জন্য রেজিস্ট্রার ও সদস্য-সচিব, নৈতিকতা কমিটি, বাউবি-কে নির্দেশ দেন। অত:পর রেজিস্ট্রার মহোদয় উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে আলোচ্যসূচি বিবেচনার জন্য সভায় উপস্থাপন করেন।

আলোচ্য-০১ : বাউবির নৈতিকতা কমিটির ২৮.০৯.২০২২ তারিখে অনুষ্ঠিত ৫ম সভার কার্যবিবরণী অনুসমর্থন।

সিদ্ধান্ত -০১ : বাউবির নৈতিকতা কমিটির ২৮.০৯.২০২২ তারিখে অনুষ্ঠিত ৫ম সভার কার্যবিবরণী অনুসমর্থন করা হলো।

আলোচ্য-০২: বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সাথে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়-এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২২-২০২৩) এর ২য় ত্রৈমাসিকে কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা এবং করণীয় সম্পর্কে আলোচনা।

সিদ্ধান্ত-০২ : বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সাথে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়-এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২২-২০২৩) এর ২য় ত্রৈমাসিকে কার্যক্রমের অগ্রগতি এবং ৫ম সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের সার্বিক অবস্থা নৈতিকতা কমিটির সদস্য-সচিব ও রেজিস্ট্রার সকলকে অবহিত করেন। বাউবির এপিএ-এর ২য় ত্রৈমাসিকের লক্ষ্যমাত্রা অর্জনের উদ্দেশ্যে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং এবিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) ইউজিসির চাহিদা মোতাবেক বাউবির ওয়েব পোর্টাল তৈরির ব্যবস্থা গ্রহণকরণের জন্য a2i বরাবরে প্রেরিত পত্রের বিষয়টি ফলো-আপ করার জন্য পরিচালক, কম্পিউটার-কে দায়িত্ব প্রদানের সুপারিশ করা হয় । তিনি বিষয়টি ফলো-আপ করে অতি দ্রুত বাস্তবায়নের জন্য গৃহীত পদক্ষেপসমূহ রেজিস্ট্রার ও এপিএ-এর টিম লিডারকে অবহিত করবেন।

(খ) বাউবিতে ই-নথি বাস্তবায়নের বিষয়ে বিশেষ গুরুত্ব আরোপ করা হয়। এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে রেজিস্ট্রার ও এপিএর টিম লিডারকে ইউজিসির সাথে যোগাযোগ করে পরবর্তী করণীয় কর্মপন্থা নির্ধারণের বিষয়ে পদক্ষেপ গ্রহণের বিষয়ে সকলে একমত পোষণ করেন।

(গ) বাউবির সেবা নিশ্চিতকরণের জন্য বাউবির ওয়েব সাইটে সিটিজেন চার্টার আপলোড করার জন্য সেবা প্রদান কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটিকে ধন্যবাদ জানানো হয়। আপলোডকৃত সিটিজেন চার্টারটি সকলের মতামত অনুযায়ী প্রয়োজনীয় পরিমার্জন করে চূড়ান্ত করে বাউবির ওয়েবসাইটে আপলোড করার সুপারিশ করা হয়।

(ঘ) তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স তৈরি/ হালনাগাদ করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বর্তমানে, বাউবির সকল স্কুল ও বিভাগ এবং আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রের সকল তথ্য/নথি বাউবির প্রচলিত নিয়মে রেজিস্টারে নথিভুক্ত করা হয়। যেহেতু, অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে তথ্য ও নথির ক্যাটালগ এবং ইনডেক্স তৈরি সময়সাপেক্ষ সেহেতু প্রাথমিকভাবে, পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ, লাইব্রেরি ও ডকুমেন্টশন বিভাগ এবং তথ্য ও গণসংযোগ বিভাগের তথ্য/নথিসমূহ তথ্য অধিকার বাস্তবায়নের জন্য এপিএর নির্দেশনা মোতাবেক তথ্য ও নথির ক্যাটালগ এবং ইনডেক্স তৈরির সুপারিশ করা হয়। ক্রমান্বয়ে বাউবির সকল নথিসমূহ এর আলোকে ক্যাটালল ও ইনডেক্স তৈরি করা হবে মর্মে সকলে আশাবাদ ব্যক্ত করেন।

(ঙ) বাউবির অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা কার্যকর করার লক্ষ্যে অন-লাইনে অভিযোগ দাখিল, ট্র্যাকিং রাখা, সমাধানের মাধ্যমে অভিযোগকারীকে অবহিতকরণের সহজে ও দ্রুত করার জন্য জিআরএস সফটওয়্যার-এর বিকল্প নেই বলে সবাই একমত পোষণ করেন। অতিদ্রুত বাউবির চাহিদা অনুযায়ী জিআরএস সফটওয়্যার চালুকরণের বর্তমান অবস্থা এবং ভবিষ্যৎ করণীয় সম্পর্কে নির্দেশনার বিষয়ে আলোচনা ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বাউবির অনিক (অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা) এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা কমিটির সভাপতিকে দায়িত্ব প্রদান করা হয়।

(চ) বাউবির কম্পিউটারসমূহ হঠাৎ করে বিকল হয়ে যায় ফলে অনেক গুরুত্বপূর্ণ কাজে বিঘ্ন ঘটে, তাই বাউবির কম্পিউটারসমূহে নিয়মিত সার্ডওয়্যার ও সফটওয়্যার রক্ষণাবেক্ষণের বিষয়টির প্রতি গুরুত্ব আরোপ করা হয়। বাউবির কম্পিউটার, প্রিন্টার, স্কানারসহ বিভিন্ন যন্ত্রপাতির একটি বর্ণনামূলক তালিকা (ইনভেনটরি) প্রস্তুত করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার সুপারিশ করা হয়। নির্দিষ্ট সময় অন্তর (প্রতি ত্রৈমাসিক কিংবা ষান্মাষিক) বাউবির সকল কম্পিউটারসমূহ নিয়মিত রক্ষণাবেক্ষন করে তা রেজিস্টারভুক্ত করার বিষয়ে কম্পিউটার বিভাগকে সুপারিশ করা হয়।

(ছ) বাউবির প্রতিটি স্কুল, বিভাগ, আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রে সেবা গ্রহীতার নাম, তারিখ, সেবার নাম, সেবা প্রদানকারীর স্বাক্ষর, সেবা গ্রহীতার মতামত ছকাকারে সেবা প্রদান রেজিস্টার সংরক্ষণ করার বিষয়ে গুরুত্ব আরোপ করা হয় এবং এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করা হয়।

(জ) শিক্ষার্থীরা অন-লাইনে ভর্তি/রেজিস্ট্রেশনের সময় অজ্ঞতা বা অসাবধানতার কারণে নানা ধরণের তথ্য প্রদানে ভুল করে থাকে ফলে পরবর্তীতে বিভিন্ন ধরণের তথ্য যেমন শিক্ষার্থীর নাম, পিতার নাম, কেন্দ্রের নাম, নৈর্বাচনিক বিষয় ইত্যাদি ক্ষেত্রে নানা ধরণের অসঙ্গতি লক্ষ্য করা যায়। এসকল অসঙ্গতি ও ভুল কমিয়ে আনার জন্য অন-লাইনে ভর্তি/রেজিস্ট্রেশনের সময় আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রে শিক্ষার্থীদের জন্য নিবেদিত (Dadicated) কম্পিউটার সেবা প্রদান করার প্রস্তাবনা গ্রহণের বিষয়ে আলোকপাত করা হয়। এ বিষয়টি কার্যকর করার জন্য এসএসএস বিভাগ এবং কম্পিউটার বিভাগ আলোচনা করে একটি প্রস্তাবনা রেজিস্ট্রার বাউবি বরাবরে অতি দ্রুত প্রেরণের সুপারিশ করা হয়।

(ঝ) নির্ভুল ফলাফল প্রকাশ এবং স্বল্প সময়ে সার্টিফিকেটসহ অন্যান্য সেবা প্রদানের জন্য কিউ-আর কোডের (QR-Code) মাধ্যমে সার্টিফিকেট অন-লাইন হতে আপলোড করার বিষয়টি বাউবিতে চালু করা যেতে পারে কিনা এ বিষয়ে বাউবির পরীক্ষা বিভাগ এবং এসএসএস বিভাগ স্কুলসমূহ সাথে আলোচনা করে পদক্ষেপ গ্রহণ করার সুপারিশ করা হয়।

(ঞ) এপিএর লক্ষ্যমাত্রা অর্জনের জন্য বাউবির সকল স্কুল, বিভাগ এবং আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রের সকলকে সম্মিলিতভাবে কাজ করার আশাবাদ ব্যক্ত করা হয়।

সভায় আর কোন আলোচ্য না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

| | |
|---|---|
| 22/12/2022 | 22-12-2022 |
| ড. মহাঃ শফিকুল আলম | অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার |
| রেজিস্ট্রার | উপাচার্য |
| ও | ও |
| সদস্য-সচিব, নৈতিকতা কমিটি | সভাপতি, নৈতিকতা কমিটি |
| বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়। | বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়। |